# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ৭৮/২০১৬**

**অভিযোগকারী ঃ** জনাব মোঃ নুরুল ইসলাম
বর্তমান ঠিকানা-সেকশন-১২
ব্লক-ই, লাইন নং-০১, বাসা নং-৫৪
পল্লবী মিরপুর, ঢাকা-১২১৬।

**প্রতিপক্ষ ঃ** ১. জনাব মোঃ রাশেদুল ইসলাম
উপ-সচিব (সায়রাত-১ অধিশাখা)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ভূমি মন্ত্রণালয়, শাখা -১ (প্রশাসন)
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা ।

২.জনাব টিনা পাল
সহকারী কমিশনার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ।

## সিদ্ধান্তপত্র

**(তারিখ ঃ ২০-০৬-২০১৬ ইং)**

অভিযোগকারী ০৯-০৩-২০১৬ তারিখে সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর বিরুদ্ধে তথ্য কমিশনে অভিযোগ দায়েরের করেন। অভিযোগ বিবরণী হতে দেখা যায়, অভিযোগকারী অভিযুক্ত কর্মকর্তার নিকট আপীল আবেদন করে নিম্নলিখিত তথ্যাদি জানতে চেয়ে তথ্য না পেয়ে অত্র অভিযোগ দায়ের করেছেন-

> “২৩-০২-২০১৬ ইং তারিখে সহকারী কমিশনার (ভূমি), লালবাগ সার্কেলের রাহেলা রহমত উল্লাহ এর বিরুদ্ধে অভিযোগ এবং গত ১২-১১-২০১৫ ইং তারিখের অভিযোগ দাখিল এবং ০৮-০৬-২০১৫ ইং তারিখের স্মারক নং ৩১.০০.০০০.০৪২.৪১.১১৪.১৪.২৪৬/(২) ভূমি মন্ত্রণালয় চিঠি ও তারিখ ১৭-০৯-২০১৫ স্মারক নং-১১২ শিবপুর ভূমি অফিস, লালবাগ সার্কেল তদন্ত রিপোর্ট জবাব লিখিত আকারে”

২। তথ্য কমিশনের ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটির গ্রহণযোগ্যতা বিষয়ক শুনানীর জন্য ০৫-০৫-২০১৬ তারিখ ধার্য করা হয় এবং অভিযোগকারীকে জবাব দাখিল ও শুনানীতে হাজির হবার জন্য সমন জারী করা হয়।

৩। ধার্য ০৫-০৫-২০১৬ তারিখে অভিযোগকারীর উপস্থিতিতে একক শুনানী গৃহীত হয়। অভিযোগটির বিষয়ে অধিকতর শুনানীর প্রয়োজনীয়তা থাকায় ২৯-০৫-২০১৬ তারিখ ধার্য করে পুনরায় সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারীর প্রতি সমন জারী করা হয়। ধার্য ২৯-০৫-২০১৬ তারিখে অভিযোগকারীর উপস্থিতিতে একক শুনানীঅন্তে অভিযোগটি উভয়পক্ষের উপস্থিতিতে পূর্ণাংগ শুনানীর জন্য গৃহীত হয় এবং ২০-০৬-২০১৬ তারিখ ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর প্রতি সমন জারী করা হয়।

৪। অদ্য ২০-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী হাজির ও জনাব মোঃ রাশেদুল ইসলাম, উপ-সচিব (সায়রাত-১ অধিশাখা) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ভূমি মন্ত্রণালয়, শাখা -১ (প্রশাসন), বাংলাদেশ সচিবালয়, ঢাকা, জনাব টিনা পাল, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এবং জনাব খন্দকার মুঃ মুশফিকুর রহমান, সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা হাজির ।

৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও অদ্যবধি কোন প্রতিকার না পেয়ে সংক্ষুব্ধ হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৬। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ রাশেদুল ইসলাম, উপ-সচিব (সায়রাত-১ অধিশাখা), তিনি তার বক্তব্যে উল্লেখ করেন যে, মন্ত্রণালয়ের ০৮-০৬-২০১৫ তারিখের খাস জমি-১ শাখা হতে ৪২৬ নং স্মারকে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে আবেদনপত্রের মূলকপি বিধিমতে নিষ্পত্তির জন্য জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রেরণ করে অনুলিপি আবেদনকারীকে দেয়া হয়। ২৯/০২/২০১৬ তারিখে আপীল এর প্রেক্ষিতে আবেদনকারীকে জেলা প্রশাসক, ঢাকা হতে তথ্য সংগ্রহ করার জন্য ১৪/০৩/২০১৬ তারিখে অনুরোধ করা হয় । তাছাড়া ১৭৪ নং স্মারকে গত ০৬-০৪-২০১৬ তারিখে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়ে উক্ত আবেদনের বিষয়ে কি পদক্ষেপ নেয়া হয়েছে সে বিষয়ে এ মন্ত্রণালয় এভং আবেদনকারীকে জানানোর জন্য অনুরোধ করা হয়েছে । তিনি আরো বলেন যে, আবেদনকারী চাহিত কার্যক্রমের বিষয়টি জেলা প্রশাসক, ঢাকার অফিসে প্রক্রিয়াধীন রয়েছে এবং আবেদনকারীকে জেলা প্রশাসক, ঢাকা হতে তথ্য সংগ্রহ করার জন্য ২২/০২/২০১৬ তারিখের ৮৩ স্মারকে জানিয়ে দেয়া হয়েছে । পুনরায় তাকে ১৪-০৩-২০১৬ তারিখে ১২৮ নম্বর স্মারকে পত্র দেয়া হয়েছে ।

৭। জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী কমিশনার জনাব টিনা পাল সংশ্লিষ্ট বিষয়ে বক্তব্য উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সহায়ক কর্মকর্তা সিনিয়র সহকারী কমিশনার জনাব খন্দকার মুঃ মুশফিকুর রহমান এর জন্য কমিশনের নিকট অনুমতি প্রার্থনা করেন ।

৮। কমিশন কর্তৃক অনুমোদন প্রদান করা হলে জনাব খন্দকার মুঃ মুশফিকুর রহমান তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী কর্তৃক ০৮.০৬.২০১৫ তারিখের খাস জমি-১ শাখা হতে ৪২৬ নং স্মারকে ভূমি মন্ত্রণালয় থেকে প্রেরিত আবেদনকারীর অভিযোগের পরিপ্রেক্ষিতে উক্ত বিষয়ে তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়া যায় নি বিধায় অভিযোগকারীকে তথ্য প্রদান করা সম্ভব হয় নি ।

## <u>পর্যালোচনা</u>

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তদন্ত কার্যক্রম চলমান থাকায় অভিযোগকারীর প্রার্থীত তথ্যাদি সরবরাহ করা সম্ভব হয়নি এ বিষয়টি অভিযোগকারীকে অবগত করার নির্দেশনা প্রদান করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয় । অধিকন্তু ভূমি মন্ত্রণালয়ের ০৮-০৬-২০১৫ তারিখের ৪২৬ নং স্মারকে প্রেরিত অভিযোগের বিষয়ে এক বছরের অধিক সময় অতিবাহিত হলেও তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল না করার বিষয়টি তদন্তকারী কর্মকর্তার দায়িত্ব পালনে অবহেলার সামিল বলে তথ্য কমিশন মনে করে । জেলা প্রশাসক, ঢাকা বিষয়টি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করে অভিযোগকারীকে অবহিত করার ব্যবস্থা নেবেন বলে তথ্য কমিশন অভিমত ব্যক্ত করে ।

<u>সিদ্ধান্ত।</u>

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। অভিযোগকারীর আবেদনের বিষয়ে যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং যে কার্যক্রম চলমান রয়েছে তা অভিযোগকারীকে অবগত করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী কমিশনার জনাব টিনা পাল কে নির্দেশনা দেয়া হলো ।

২। ভূমি মন্ত্রণালয় থেকে প্রেরিত অভিযোগকারীর মূল অভিযোগটির বিষয়ে দ্রুত তদন্ত সম্পন্ন করিয়ে তার চাহিত তথ্য তাকে ৩০ কার্যদিবসের মধ্যে সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, ঢাকা কে নির্দেশনা দেওয়া হলো ।

৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৪। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| | | |
|---|---|---|
| **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** |
| **(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)** | **(নেপাল চন্দ্র সরকার)** | **(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |